ইত্তেফাক

তারিখ ... ৫/১/৮২
পৃষ্ঠা ...

009

## মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে

নবাব কাটরা (নিমতলী) ঢাকা, ২০নং ওয়ার্ড (কোতয়ালী থানা) দেওয়ান বাজার ইউনিয়ন পরিষদের আওতায়। এখানে মোট ১২টি মহল্লা, আনুমানিক ৩৫ হাজার লোকের বসবাস। এখানে একটিমাত্র নবাব কাটরা সরকারী প্রাথমিক বালিকা বিদ্যালয় আছে। স্থানীয় ও অন্য এলাকা হইতে ছাত্রীরা লেখাপড়া করিতে আসে। কিন্তু স্কুল ভবনটি অত্যন্ত পুরাতন বিধায় দিন দিন দেওয়াল খসিয়া পড়িতেছে। পায়খানার দরজা ও ছাদ একেবারেই ভাংগা। শিক্ষকের সংখ্যা ৬/৭ জন। তাহাদেরকে ছাত্রীদের বাড়ীতে যাইয়া প্রস্রাব-পায়খানা করিতে হয়। স্কুল চলে ১১.০০টা হইতে বিকাল ৪-০০টা পর্যন্ত। ছাত্রীদের যে কতটুকু অসুবিধা তা এলাকাবাসীরা জানেন। এ ব্যাপারে ঢাকা পৌর কর্পোরেশনের কাছে আবেদন করার পরও কোন প্রতিকার হয় নাই। এলাকার শতকরা ৯০ জন, অভিভাবকের আর্থিক সমস্যাসহ বিবিধ কারণে স্থানীয় ছাত্রীদের পক্ষে অন্যকোন স্কুলে অধ্যয়ন করা সম্ভবপর হইয়া উঠে না। এইভাবে আর কিছু দিন চলিলে স্কুলটি বন্ধ হইয়া যাইবে।

মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে আমাদের আকুল আবেদন, অনতিবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হউক।

—আজিজুল ইসলাম (স্বপন),
৭১/২, সিদ্দিক বাজার, ঢাকা-২।